

ঢাবিতে গেস্টরুম-গণরুমে নির্যাতনের বিচার দাবি ছাত্রদলের

নিজস্ব প্রতিবেদক



সংগৃহীত ছবি

ঢাকা বিশ্ববিদ্যালয়ে (ঢাবি) গেস্টরুম-গণরুম সংস্কৃতি ও শিক্ষার্থী নির্যাতনের সঙ্গে জড়িতদের দৃষ্টান্তমূলক শাস্তি এবং প্রথম বর্ষের শিক্ষার্থীদের আবাসন নিশ্চিতসহ আসন বঞ্চিতদের জন্য আবাসন বৃত্তির দাবিতে উপাচার্য অধ্যাপক ড. এ বি এম ওবায়দুল ইসলামের কাছে স্মারকলিপি দিয়েছে বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদল, ঢাকা বিশ্ববিদ্যালয় শাখা।

গা পড়ুন



নোয়াখালীতে ছাত্রদলের কমিটি বাতিলের দাবিতে বিক্ষোভ

মঙ্গলবার (৫ মে) দুপুরে বিশ্ববিদ্যালয়ের
উপাচার্যের কার্যালয়ে সংগঠনটির সভাপতি
গণেশ চন্দ্র রায় সাহস ও সাধারণ সম্পাদক
নাহিদুজ্জামান শিপনের নেতৃত্বে এ স্মারকলিপি
প্রদান করা হয়।

স্মারকলিপিতে বলা হয়, বিগত সময়ে
বিশ্ববিদ্যালয়ের হলগুলোতে গেস্টরুম-
গণরুমের মাধ্যমে শিক্ষার্থীদের ওপর নির্যাতনের
ঘটনা ঘটেছে। সাম্প্রতিক সময়ে এসব
নির্যাতনের সঙ্গে বিভিন্ন সংগঠনের কিছু
নেতাকর্মীর সম্পৃক্ততার অভিযোগ উঠেছে
বলেও উল্লেখ করা হয়।

এ ধরনের কর্মকাণ্ড বিশ্ববিদ্যালয়ের স্বাভাবিক
পরিবেশ নষ্ট করছে বলে দাবি করে সংশ্লিষ্টদের
বিরুদ্ধে দ্রুত প্রশাসনিক ব্যবস্থা নেওয়ার আহ্বান
জানানো হয়।

এতে আরো বলা হয়, প্রথম বর্ষের শিক্ষার্থীদের
আবাসন নিয়ে বিভ্রান্তিকর তথ্য ছড়ানো হচ্ছে।
তবে ছাত্রদল সব সময় সব শিক্ষার্থীর আবাসন

অধিকার নিশ্চিতের পক্ষে রয়েছে বলে দাবি করে সংগঠনটি। তাদের পক্ষ থেকে প্রথম বর্ষের শিক্ষার্থীদের মেধার ভিত্তিতে দ্রুত আবাসন নিশ্চিত এবং যারা আসন পাবে না তাদের জন্য 'আবাসন বৃত্তি' চালুর দাবি জানানো হয়।

পড়ুন



তিন হত্যা মামলায় সাবেক রেলমন্ত্রী
সুজনের জামিন

স্মারকলিপিতে উপাচার্যের প্রতি আহ্বান জানিয়ে বলা হয়, শিক্ষার্থীদের নিরাপদ পরিবেশ নিশ্চিত করতে গেস্টরুম-গণরুম নির্যাতনের সঙ্গে জড়িতদের শাস্তির আওতায় আনতে এবং নবীন শিক্ষার্থীদের আবাসন সমস্যা সমাধানে দ্রুত কার্যকর পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন।